



রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh
Cell : 01303017964
E-mail:rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd



স্মারক : রবিবা/প্রশা/নিয়োগ/৮০০/২০২৩/৪১

তারিখ : ২৯.০১.২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদ	শর্তাবলি
১	প্রভাষক বিভাগ : ম্যানেজমেন্ট বেতন স্কেল: ২২০০০-৫৩০৬০/- পদ সংখ্যা: ০১	১. ম্যানেজমেন্ট/সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। এসএসসি ও এইচএসসি পর্যায়ে জিপিএ ৫.০০ স্কেলে সর্বমোট জিপিএ ৮.৫০ থাকতে হবে, তবে কোনোটিতে জিপিএ ৪.০০ এর কম গ্রহণযোগ্য হবেনা। ২. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। ৩. সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসির একটিতে প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ এবং স্নাতক-স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।
২	উপ-রেজিস্ট্রার রেজিস্ট্রার দপ্তর বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫) পদ সংখ্যা: ০১ বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর	১. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। ২. শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ থাকতে হবে। কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩. সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে মোট ১০ (দশ) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ২৯০০০-৬৩৪১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে সহকারী রেজিস্ট্রার বা সমমানের পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। ৪. রেজিস্ট্রার দপ্তরের কার্যক্রম সম্পর্কিত কম্পিউটার সফটওয়্যার পরিচালনায় পারদর্শী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনের শর্তাবলি:

১. আগ্রহী প্রার্থীকে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নির্ধারিত আবেদন ফরম www.rub.ac.bd থেকে ডাউনলোড করে অথবা রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর, সিরাজগঞ্জ-এর রেজিস্ট্রার কার্যালয় থেকে ফরম প্রতি ৫০.০০ (পঞ্চাশ) টাকা দিয়ে সংগ্রহ ও পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, শাহজাদপুর ৬৭৭০ বরাবর দাখিল করতে হবে। আবেদনের শেষ তারিখ: ২০.০২.২০২৪। মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
২. প্রার্থীকে আবেদনপত্রের সাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অথবা প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতার (বেতনক্রমসহ) সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে)।
৩. বিদেশি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিয়ম অনুসরণ করা হবে।
৪. চাকরির প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫. ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. প্রত্যেক প্রার্থীকে তাঁর প্রার্থিত পদ এবং বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৭. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে ৬০০/-টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে।
৮. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স অথবা শিক্ষাগত যোগ্যতার যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
৯. দরখাস্তকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।
১০. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-



২৯/০৭/২০২৪

(মোঃ সোহরাব আলী)

রেজিস্ট্রার

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ